# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৬০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩) পাঁচ ওয়াক্ত নামায আদায় করা উহার প্রতি যত্নবান হওয়া এবং উহা ওয়াজেব হওয়ার ব্যাপারে ঈমান রাখার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلوات الخمس والمحافظة عليها والإيمان بوجوبها

আরবী

(صحيح لغيره موقوف) وَعَنْ طارق بن شهاب: أَنَّهُ بَاتَ عِنْدَ سَلْمَانَ الفارسي رَضِيَ اللَّهُ عَنْهُ لِيَنْظُرَ مَا اجْتِهادُهُ، قَالَ: فَقَامَ يُصَلِّي مِنْ آخِرِ اللَّيْلِ، فَكَأَنَّهُ لَمْ يَرَ الَّذِي كَانَ يَظُنُّ، فَذَكَرَ ذَلِكَ لَهُ، فَقَالَ سَلْمَانُ رَحِمَهُ اللَّهُ:"حَافِظُوا عَلَى هَذِهِ الصَّلَوَاتِ الْخَمْسِ، فَإِنَّهُنَّ كَفَّارَاتٌ لِهَذِهِ الْجِرَاحَاتِ مَا لَمْ تُصَبُ الْمَقْتَلَةُ رواه الطبراني في الكبير موقوفا

বাংলা

৩৬০. (সহীহ্ লি গাইরিহী মাওকুফ) ত্বারেক্ব বিন শিহাব থেকে বর্ণিত। তিনি একদা সালমান (রাঃ) এর নিকট রাত কাটালেন। উদ্দেশ্য তিনি কিরূপ ইবাদত করেন তা দেখা। তিনি বলেনঃ তিনি রাতের শেষাংশে উঠে তাহাজ্জুদ নামায পড়লেন। তিনি (ত্বারেক্ব) তাঁর সম্পর্কে যেরূপ ধারণা করছিলেন তা যেন দেখতে পেলেন না। তাই বিষয়টি তাঁর নিকট উত্থাপন করলেন। সালমান (রাঃ) বললেনঃ

’তোমরা এই পাঁচ ওয়াক্ত নামাযের যথাযথভাবে হেফাজত কর। কেননা এগুলো এ পাপ সমূহের কাফ্ফরা স্বরূপ, যতক্ষন পর্যন্ত এমন পাপে লিপ্ত না হও যা তোমাদেরকে হত্যা করে ফেলে (অর্থাৎ কাবীরা গুনাহে লিপ্ত না হও)।’

(ত্বাবরানী কাবীর গ্রন্থে মাওকূফ সূত্রে বর্ণনা করেছেন, মাযমাউল যাওয়ায়েদ ১/২৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ তারিক ইবনু শিহাব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88131

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন